কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের নতুন কমিটি গঠন

“হাসি মুখে রক্তদান, বাঁচতে পারে লক্ষ প্রাণ” এই স্লোগানকে সামনে রেখে গত ৫ বছর যাবত কয়েক হাজার রক্তের চাহিদা পুরণসহ প্রতিনিয়ত অত্র এলাকার অসুস্থ রোগীদের বিনা মূল্যে রক্তের প্রয়োজন মিটিয়ে থাকে প্রতিষ্ঠানটি।

আজ শনিবার (৩০ নভেম্বর) সকাল ১১ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের নতুন কমিটি গঠনের জন্য কোটচাঁদপুর সরকারি বালিকা মাধ্যমিক বিদ্যালয় কনফারেন্স হল রুমে এক সভার আয়োজন করা হয়।

১ বছর মেয়াদী নতুন কমিটির সভাপতি হোন শিক্ষক মোঃ মশিয়ার রহমান, সাধারণ সম্পাদক মোঃ আঃ আলিম ও অর্থ সম্পাদক হোন মোঃ মেহেদী হাসান। পরিচালনা পর্ষদ এর পরিচালক নির্বাচিত হোন সরকারী কেসি কলেজ ঝিনাইদহ এর অধ্যাপক মোঃ আলমগীর হোসাইন।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন অত্র স্কুলের প্রধান শিক্ষক মো: ইছাহক আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর সরকারি পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক মো: মফিজুর রহমান (মফিজ), ব্যবসায়ী মো: সোহরাব হোসেন, ব্যবসায়ী মো: রবিউল ইসলাম (খোকন), নিউ লাইফ হাসপাতালের পরিচালক ডা. মো: হাসানুজ্জামান (জনি), সাংবাদিক ও মানবাধিকার কর্মি মোঃ রেজাউল করিম, সাংবাদিক মোঃ আশরাফুজ্জামান, সাংবাদিক মোঃ রোকনুজ্জামান, সংগঠনের পরিচালনা পর্ষদ পরিচালক মো: আলমগীর হুসাইন, মো: ওমর ফারুক, মো: আব্দুল, আলিম, এছাড়াও উপস্থিত ছিলেন উক্ত সংগঠনের শুভাকাঙ্ক্ষী ও স্বেচ্ছাসেবকবৃন্দ।

কোটচাঁদপুরে বাস মালিক সমিতির মতবিনিময় সভা অনুষ্ঠিত

“আমরা স্বাধীনতা এনেছি সংস্কার আনবো” এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে যশোর, কালিগঞ্জ ও চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মালিক সমিতির দ্বন্দ্বে দীর্ঘ পাঁচ বছর যশোর টু চুয়াডাঙ্গা সড়কে সরাসরি বাস চলাচল বন্ধ থাকার কারণে সাধারণ মানুষের হয়রানি লাঘবের জন্য সরাসরি বাস চলাচলের দাবিতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আয়োজনে আজ শনিবার বিকালে পৌর পাঠাগার মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহ্বায়ক কমিটির সংগঠক হৃদয় আহসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজুল ইসলাম। প্রধান আলোচক পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সহ-সভাপতি আবু বকর বিশ্বাস , উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রস্তাবিত উপদেষ্টা ও সাবেক উপজেলা বিএনপির সভাপতি নুরুজ্জামান বিশ্বাস, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মুহাবিয়া হোসাইন, কালিগঞ্জ বাস মালিক সমিতির সভাপতি ফরিদ উদ্দিন, মহেশপুর বাস মালিক সমিতির সভাপতি এম এ ওয়াদুদ, যশোর বাস মালিক সমিতির সভাপতি মুসলিম উদ্দিন, যশোর মালিক সমিতির সিনিয়র সহ-সভাপতি শফিউল আলম, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সভাপতি হাসান ইমাম, কালিগঞ্জ বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন তপন, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতি সাধারণ সম্পাদক মইন উদ্দিন মুক্তির, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব সাইদুর রহমান, জামায়াতে ইসলামী পৌর শাখার আমির মাওলানা নজির আহমেদ, সেক্রেটারি মাওলানা আব্দুল কাইয়ুম, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সভাপতি মইন উদ্দিন খান, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার প্রমুখ।

মতবিনিময় সভা পরিচালনা করেন সাইফুল ইসলাম শিলু। সে সময় সরাসরি

বাস চলাচলের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা শেষে সবাইকে আশ্বস্ত করেন খুব শিগগিরই সরাসরি বাস চলাচল করবে বলে জানান নেতৃবৃন্দ। এ সময় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ, শিক্ষক, ছাত্র, ছাত্রী, বাস মালিক সমিতি, শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে বিজিবির হাতে ৪৭ জন আটক

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত থেকে ৪৭ জন আটক করেছে মহেশপুর বিজিবি ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)। গতকাল শুক্রবার (২৯ নভেম্বর) দিনভর ৫৮ বিজিবি’র বেশ কয়েকটি আভিযানিক দল সুগঠিত হয়ে সুনির্দিষ্ট গোয়েন্দা সংবাদের ভিত্তিতে রাতভর মহেশপুর উপজেলার মাটিলা, খোসালপুর, পলিয়ানপুর, বাঘাডাংগা, শ্যামকুড় এবং লড়াইঘাট সীমান্ত এলাকায় বেশ কয়েকটি স্থানে বিশেষ অভিযান পরিচালনা করে এই আটক করা হয়।

মহেশপুর ব্যাটালিয়ন ৫৮ বিজিবি মিডিয়া সেলের পরিচালক আজিজুস শহীদ স্বাক্ষরিত এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, গোপন সংবাদের ভিত্তিতে একটি বিশেষ অভিযানে ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে অবৈধ ভাবে বাংলাদেশ থেকে ভারতে যাওয়ার চেষ্টা কালে সর্বমোট ৪৭ জন বাংলাদেশী নাগরিককে আটক করা হয়েছে।

আটককৃত ব্যক্তিদের মধ্যে ১২ জন নারী, ১৯ জন পুরুষ এবং ১৬ জন শিশু রয়েছে। আটককৃত ব্যক্তিরা বাংলাদেশের বিভিন্ন জেলার বাসিন্দা। আটককৃতদের মধ্যে একাধিক ব্যক্তি ইতোপূর্বেও ৫৮ বিজিবির টহল দলের নিকট ধরা পড়েছিলেন। আটককৃত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

এছাড়া বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করেন, চলতি নভেম্বর ২০২৪ মাসে সর্বমোট ৩৩১ জনকে এবং গত ০৫ আগস্ট ২০২৪ তারিখ হতে ৩০ নভেম্বর ২০২৪ পর্যন্ত মহেশপুর ব্যাটালিয়ন বা ৫৮ বিজিবি কর্তৃক আটককৃত অবৈধ পারাপারের সময় আটক হওয়া ব্যাক্তিদের সংখ্যা হলো-বাংলাদেশী

নাগরিক-৮৮৫ জন, ভারতীয় নাগরিক-২৮ জন, মায়ানমার রোহিঙ্গা নাগরিক-২০ জনসহ সর্বমোট আটককৃ দের সংখ্যা ৯৩৩ জন। এই সংখ্যার মধ্যে একজন প্রাক্তন মন্ত্রী, বেশ করেকজন ছাত্রলীগ ক্যাডার, ৩ জন জেল পলাতক আসামী, ১ জন আনসার বিদ্রোহের সক্রিয় সদস্য, কয়েকজন একাধিক মামলার আসামী এবং ০১ জন ভারতীয় পুলিশ সদস্য রয়েছে বলে জানান।

ঝিনাইদহে বিদ্যালয়ের খেলার মাঠ দখলমুক্ত করার দাবীতে মানববন্ধন

ঝিনাইদহের মহেশপুর অবৈধ দখল হওয়া খেলার মাঠ দখলমুক্ত করার দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ শুক্রবার সকালে উপজেলার এমকে এ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে স্থানীয় গ্রামবাসী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ওই বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। সেসময় বক্তৃতা করেন আব্দুর রশিদ, জাহাঙ্গীর প্রমূখ।

তাদের অভিযোগ, এমকেএ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠ দখল করে স্থানীয় প্রভাবশালী আজিজ ও তার ভাই হান্নান ঘর নির্মাণ করছে। এছাড়াও প্রাচীর তৈরীর পায়তারা করছে। এতে বিদ্যালয়ের শিক্ষার্থীদের খেলাধুলা বন্ধ হয়ে যাচ্ছে। তাই তারা দ্রুত খেলার মাঠটি দখলমুক্ত করার দাবি জানান।

ইসকন নিষিদ্ধের দাবীতে ঝিনাইদহে হেফাজত ইসলামের বিক্ষোভ মিছিল

ইসকনের নৃশংস হত্যাকেন্ডর প্রতিবাদ ও ইসকন নিষিদ্ধের দাবীতে ঝিনাইদহে প্রতিবাদ বিক্ষোভ মিছিল ও সমাবেশ হেফাজত ইসলাম বাংলাদেশ।

আজ শুক্রবার বাদ জুম্মা বিভিন্ন স্থান থেকে খন্ড খন্ড মিছিল নিয়ে শহরের পায়রা চত্বরে জড়ো হতে থাকে। সেখান থেকে এক প্রতিবাদ বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। শেষে মিছিলকারীরা আবারো পায়রা চত্বরে ফিরে এক বিক্ষোভ সমাবেশে মিলিত হয়।

সমাবেশে বক্তৃতা করেন, হেফাজত নেতা মুফতি আরিফ বিল্লাহ, মাও: আবুল বাশার, মুফতি নাজমুল ইসলাম, শায়েখ জুবায়ের আহমেদসহ অন্যান্যরা।

বক্তারা বলেন, ইসকন একটা উগ্র হিন্দুত্ববাদী সন্ত্রাসী সংগঠন। ইসকনের হাতে নৃশস হত্যাকান্ডের শিকার হয়েছেন এডভোকেট সাইফুল ইসলাম আলিফ। তারা এই হত্যাকান্ডের তীব্র নিন্দা প্রতিবাদ ও অবিলম্বে ইসকন নিষিদ্ধের দাবি জানান।

কোটচাঁদপুরে গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণসভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর ২০২৪ সালের জুলাই- আগস্টে ছাত্র- জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণে তাদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে স্মরণসভা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় কোটচাঁদপুর অফিসার্স ক্লাবে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উছেন মের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা আমানউল্লাহ, কোটচাঁদপুর মডেল থানার ওসি (তদন্ত) স্বপন কুমার, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম,পল্লীসঞ্জয় কর্মকর্তা শাইলা শারমিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, প্রাথমিক শিক্ষক কর্মকর্তা সাখি সালমা, একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেন, কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইছাহক আলী।

এছাড়াও বক্তব্য রাখেন ঝিনেদাহ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন আহ্বায়ক কমিটির সংগঠক হৃদয় আহসান, সাইফুল ইসলাম শিলু, তুহিন রহমান।

তত্ব কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চালনায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের যুগ্ম সদস্য সচিব আল শাহরিয়ার অভিক, ফায়েজ আহম্মেদ, দেলোয়ার হোসেন দিলু, মোহাম্মদ আবীর হোসেন, আল মাসুদ প্রত্যয়, হাবিবুর রহমান সহ অনেকে।

ঝিনাইদহের মহেশপুরে মাদক কারবারিদের মারামারি, আহত ব্যক্তির মৃত্যু

ঝিনাইদহে মাদক কারবারিদের মধ্যে মারামারিতে মোশারফ হোসেন নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। গতকাল বুধবার রাত ১০ টার দিকে মহেশপুর উপজেলার সাকোরপুল নামক স্থানে এ মারামির ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে সেনা সদস্যরা আহত মোশারফ হোসেনকে উদ্ধার করে স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করার পর চিকিৎসাধীন অবস্থায়

সে মারা যায়।

আজ বৃহস্পতিবার সকালে মৃত মোশারফ হোসেনের লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। নিহত মোশারফ হোসেন মহেশপুর উপজেলার বাগানমাঠ গ্রামের ইউনুস আলীর ছেলে।

ঝিনাইদহ সেনা ক্যাম্পের একজন সেনা কর্মকর্তা জানান, গতকাল বুধবার রাত ১০ টার দিকে তারা গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারেন মহেশপুর উপজেলার সাকোরপুল এলাকায় একদল লোক মারামারিতে লিপ্ত হয়েছে। খবর পেয়ে সেনা ক্যাম্প থেকে একটি বিশেষ দল সেখানে যায়। সেনা সদস্যদের উপস্থিতি টের পেয়ে বিবাদমান দু’গ্রুপের লোকজনই পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে মুর্মুর্ষ অবস্থায় একজনকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ কমপ্লেক্সে ভর্তি করা হয় এবং চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। রাতেই সেনাবাহিনী অভিযান চালিয়ে ২শ’গ্রাম গাজা, মাদক সেবনের সারঞ্জামাদি ও নগদ ২৯ হাজার ৮৯৬ টাকা উদ্ধার করে।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ ফয়েজ উদ্দিন মৃধা জানান, গতকাল বুধবার রাতে উপজেলার সাকোরপুল নামক স্থানে একটি মারামির ঘটনা ঘটেছে। ঘটনা কথা শুনেছি তবে সেনা ক্যাম্পের সদস্যরা আহত মোশারফ হোসেনকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভতি করলে পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

স্থানীয় একটি সূত্র থেকে জানা যায়, স্থানীয় কিছু ব্যক্তি শত্রুতাবশত সেনাবাহিনীর কাছে, ভুল তথ্য দেয় তারা জানায় তার বাড়িতে ৪/৫কেজি গাঁজা আছে এবং সে একজন গাজা ব্যবসায়ী, এরপরে অভিযানে গিয়ে গাঁজা না পেলে বেধড়ক মারপিট করে আহত করে,পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়েছে।

কারাতের বেল্ট পরীক্ষায়

ব্ল্যাক বেল্ট অর্জণ করল ঝিনাইদহের দুই প্রতিযোগী

বাংলাদেশ কারাতে ফেডারেশনের আয়োজনে বেল্ট পরীক্ষায় ঝিনাইদহের তাহমিদা আহম্মেদ আবরার এবং মিত্তাহুল জান্নাত ব্ল্যাক বেল্ট অর্জণ করেছে।

গতকাল রাতে এই ফলাফল হাতে পেয়েছে তারা। গত ২২ নভেম্বর ঢাকার শহীদ তাজউদ্দীন আহম্মেদ স্টেডিয়ামে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ পরীক্ষায় সারাদেশের ১৪৪জন প্রশিক্ষণার্থী অংশগ্রহন করে। প্রশিক্ষক কাজী আলী আহম্মেদ লিকুর নেতৃত্বে ঝিনাইদহের সোতোকান কারাতে দো’র দুই জন প্রশিক্ষণার্থী এই পরীক্ষায় অংশ গ্রহন করে ব্ল্যাকবেল্ট অর্জণ করেছে। তাদের এই সফলতায় ঝিনাইদহের ক্রীড়ামোদিদের মাঝে উচ্ছ্বাস প্রকাশ পেয়েছে এবং কারাতের সাথে জড়িত প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

এ বিষয়ে সোতোকান কারাতে দো’র পরিচালক ও প্রশিক্ষক কাজী আলী আহম্মেদ লিকু বলেন, ১৯৮৬ সাল থেকে প্রশিক্ষণ পরিচালনা করে আসছি, জাতীয় ও আন্তর্জাতিক কারাতে প্রতিযোগীতায় অংশ গ্রহন করে আমার প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ঝিনাইদহের অনকে সুনাম বয়ে নিয়ে এসেছে।

তিনি আরও বলেন আমাদের এখানে কোন আধুনিক কারাতে মেট বা জিমনেশিয়াম না থাকায় আমরা অনেক পিছিয়ে পড়ছি। একটি কারাতে মেট হলে এবং সরকারী পিষ্টপোষকতা পেলে আমরা আরও ভাল করার আশারাখি।

বিডিআর হত্যাকান্ডের বিচার ও চাকরী পুর্ন:বহালের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন

২০০৯ সালে পিলখানায় বিডিআর হত্যাকান্ডের বিচার ও চাকুরীচ্যুতদের

পুর্ন:বহালের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বুধবার দুপুরে শহরের পায়রা চত্তরে বিডিআর কল্যাণ পরিষদ ও জেলা ক্ষতিগ্রস্থ বিডিআর সদস্যদের ব্যানারে এ কর্মসূচি পালিত হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে চাকুরীচ্যুত বিডিআর সদস্য ও তাদের পরিবারের লোকজন অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে বিএম কামরুজ্জামান, হাবিলদার আলিফ হোসেন, মনিরুল ইসলামসহ সংগঠনটির অন্যান্য সদস্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, ২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারী পিলখানায় সিমান্তরক্ষী বাহিনীর সদর দপ্তরে স্বৈরাচারী তৎকালীন শেখ হাসিনা সরকার পরিকল্পিতভাবে ৫৭ জন সেনা কর্মকর্তাসহ ৭৪ জনকে হত্যা করে। তাদের হত্যার পুন:বিচার ও সেসময়ে চাকুরীচ্যুত বিডিআর সদস্যদের চাকরী পূন:বহালের দাবি জানান।

আওয়ামীপন্থী আইনজীবীদের নির্বাচন বর্জনের ঘোষনা

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের চাপ প্রয়োগের অভিযোগ এনে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির নির্বাচনে আওয়ামীপন্থী সম্মিলিত আইনজীবী পরিষদ নির্বাচন বর্জনের ঘোষণা দিয়েছেন।

আজ বুধবার (২৭ নভেম্বর) সকালে বারভবনে তারা এ ঘোষণা দেন। ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির নির্বাচনে সম্মিলিত আইনজীবী পরিষদ নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক এ্যাড. আজিজুর রহমান অভিযোগ করে বলেন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ তাদের বিরুদ্ধে অবস্থান নিয়ে চাপ দিচ্ছে। এছাড়াও প্রতিদ্বন্দ্বী প্রার্থীরাও নির্বাচন নিয়ে ষড়যন্ত্র করছে। এতে আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও খারাপ হতে পারে। নির্বাচনের সুষ্ঠু পরিবেশ না থাকায় আমরা নির্বাচন বর্জনের ঘোষণা দিচ্ছি। আমাদের কোন

প্রার্থী বা সমর্থক এ নির্বাচনে অংশগ্রহণ করবে না।

এ ব্যাপারে জেলা আইনজীবী সমিতির নির্বাচনে নির্বাচন কমিশনার এডভোকেট খায়রুজ্জামান জানান, জেলা আইনজীবী সমিতির নির্বাচনে আমি নির্বাচন কমিশনারের দায়িত্বে ছিলাম। গত ২৫ নভেম্বর বৈষম্য বিরোধী ছাত্র-জনতার পক্ষ থেকে ৩ দফা দাবি সম্বলিত স্মারকলিপি প্রদান করেন। আমি তাদের দাবির বিষয়ে লিখিতভাবে বারকে জানায় সিদ্ধান্ত দেওয়ার জন্য কিন্তু বারের পক্ষ থেকে আমাকে কোন সিদ্ধান্ত দিলেন না। নির্বাচন নিয়ে যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে তাতে আমি নিরাপত্তাহীনতা বোধ করছি। সেকারণে আমি নির্বাচন কমিশনারের দায়িত্ব থেকে নিজেও পদত্যাগ করেছি। লিখিত পদত্যাগপত্র আমি বারে দাখিল করেছি। এছাড়া আমার সাথে দু’জন সহকারী নির্বাচন কমিশনার ছিলেন। তারা হলেন এডভোকেট আব্দুল মালেক ও এডভোকেট তারিকুল আলম। তাদের মধ্যে এডভোকেট আব্দুল মালেকও পদত্যাগ করেছেন।

উল্লেখ্য, গত ২৫ নভেম্বর আইনজীবী সমিতি ভবনে নির্বাচনের দায়িত্বরত নির্বাচন কমিশনারের কাছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহবায়ক আবু হুরাইরা ও সদস্য সচিব সাইদুর রহমান ৩ দফা দাবি সম্বলিত এক স্মারকলিপি লিপি প্রদান করেন। এতে বলা হয় এই নির্বাচনে আওয়ামী পন্থীদের অংশগ্রহণ করতে দেওয়া হলে জুলাই বিপ্লবের হাজারো শহীদের রক্তের সাথে বেইমানী করা হবে। তাদের কোন ভাবেই নির্বাচনে অংশ গ্রহন করতে দেওয়া হবে না।

২৮ নভেম্বর ভোটগ্রহণের দিন ধার্য্য ছিল। নির্বাচনে ভোটার রয়েছেন ৩২০ জন। নির্বাচনে বিএনপি জামায়াত ঐক্য পরিষদের সবুজ প্যানেলে ১৭ জন, আওয়ামীপন্থী সম্মিলিত আইনজীবী পরিষদরে লাল প্যানেলে ১৭ জন ও স্বতন্ত্র সাদা প্যানেলে ৩ জন প্রতিদ্বন্দ্বিতায় অংশ নেন।